# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৭তম বর্ষ ❑ নবম সংখ্যা ❑ পৌষ-১৪৩১, ডিসেম্বর-জানুয়ারি, ২০২৫ ❑ পৃষ্ঠা ৮

সাতক্ষীরায় মাশরুম চাষ সম্প্রসারণ ও পুষ্টিউন্নয়ন ... ২
ময়মনসিংহে কৃষি তথ্য সার্ভিস সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে ... ৩
সিলেট বিভাগীয় ক্লাইমেট অ্যাপ্লিকেশন ফোরাম ... ৪
পলিনেটেড হাউজে চারা উৎপাদনে সফল নরসিংদী ... ৫

## কৃষি অর্থনীতির মেরুদণ্ড –মাননীয় কৃষি উপদেষ্টা

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, কৃষি আমাদের দেশের অর্থনীতির মেরুদণ্ড। আমাদের দায়িত্ব শুধু কৃষকদের সহায়তা করাই নয়, বরং তাদের জীবনমান উন্নত করা এবং টেকসই কৃষি উন্নয়নের জন্য কাজ করা। মাননীয় কৃষি উপদেষ্টা ১৫ জানুয়ারি ২০২৫ রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ মিলনায়তনে ৪৩তম বিসিএস (কৃষি) ক্যাডারে নবযোগদানকৃত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে এসব কথা বলেন।

মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, দেশের জনসংখ্যার একটি বড় অংশ কৃষির উপর নির্ভরশীল। বাংলাদেশে কর্মসংস্থানের সবচেয়ে বড় খাত হচ্ছে কৃষি। আমাদের মোট শ্রমশক্তির একটি বিশাল অংশ প্রায় ৪০.৬২ শতাংশ এখনো কৃষি ক্ষেত্রে নিয়োজিত। নবযোগদানকৃত কর্মকর্তাদের উদ্দেশ্যে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, কৃষি খাতে চ্যালেঞ্জ ও সম্ভাবনার সংমিশ্রণ রয়েছে। এরপর পৃষ্ঠা ২ কলাম ১




*মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ মিলনায়তনে ৪৩তম বিসিএস (কৃষি) ক্যাডারে নবযোগদানকৃত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন*

## রাজশাহী অঞ্চলে কৃষক সমাবেশ ও মাঠ পরিদর্শন করেন কৃষি সচিব




*রাজশাহী জেলার চারঘাট ও পুঠিয়া উপজেলায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়*

রাজশাহী জেলার চারঘাট ও পুঠিয়া উপজেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে 'আমদানি নির্ভরশীলতা কমাতে গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি বিষয়ক কৃষক সমাবেশ এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## গতানুগতিক কৃষি ছেড়ে আধুনিকায়ন করা দরকার- কৃষি সচিব




*মাদারীপুর হর্টিকালচার সেন্টারে সম্মানিত কৃষি সচিব জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান কৃষি উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন*

কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেছেন, গতানুগতিক কৃষি ছেড়ে আধুনিকায়ন করা দরকার। এজন্য নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবন করা হচ্ছে। এগুলো মাঠে প্রয়োগ করলে এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

## দুর্নীতি দমন কমিশন অফিস আঙ্গিনায় বিভিন্ন রকম সবজি চাষ

দুর্নীতি দমন কমিশন জেলা কার্যালয়, ময়মনসিংহ, অফিসের অনাবাদি ও পতিত জমিতে ডিএই এর পরামর্শে এ বছর বিভিন্ন রকম উচ্চমূল্যের সবজি উৎপাদন করা হয়েছে। উক্ত জেলা কার্যালয় উপপরিচালক জনাব তাজুল ইসলাম ভূঁইয়া বলেন ছোট বেলা থেকেই কৃষির প্রতি আমার ভালো লাগা রয়েছে। তাই আমি উপজেলা কৃষি অফিসারের সাথে যোগাযোগ করে তাদের পরামর্শ নিয়ে লাউ, টমেটো, শিম, ঢেঁড়স ইত্যাদি চাষ করি। উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ জুবায়রা বেগম সাথী বলেন, সদর, কৃষি অফিস, ময়মনসিংহ সর্বদা তাদের পরামর্শ দিয়ে যাচ্ছি। তিনি আরো বলেন প্রতিটি সরকারি, বেসরকারি অফিসের পতিত জায়গায় সবজি উৎপাদন করলে সবজির উৎপাদন বেড়ে যাবে এবং নিরাপদ সবজি পাওয়া যাবে। উপসহকারী কৃষি কর্মকর্তা শাহ মোঃ মেজবা বলেন




*সবজিক্ষেত পরিদর্শনকালে উপপরিচালক জনাব তাজুল ইসলাম ভূঁইয়াসহ ডিএইর অন্য কর্মকর্তাবৃন্দ*

আমার অফিসের স্টাফদের নিয়ে বিভিন্ন উচ্চমূল্যের সবজি যেমন-ব্রোকলি, রঙ্গিন বাধাঁকপি, ফুলকপি, আমি সর্বদা পরামর্শ দিয়ে তাদের পাশে থেকে কাজ করে যাচ্ছি (৩১ ডিসেম্বর ২০২৪)।

*মোঃ খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

## সাতক্ষীরায় মাশরুম চাষ সম্প্রসারণ ও পুষ্টিউন্নয়ন প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ইশরাত রেজা যুগ্ম সচিব, কৃষি মন্ত্রণালয়*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খুলনা অঞ্চলের ব্যবস্থাপনায় সাতক্ষীরার মোজাফ্ফর গার্ডেন অডিটোরিয়ামে মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র হ্রাসকরণ প্রকল্পের আঞ্চলিক কর্মশালা ১৪ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ইশরাত রেজা প্রধান অতিথি হিসেবে এ কর্মশালায় উপস্থিত ছিলেন। এ সময়ে প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেন, মাশরুম পুষ্টিকর ও সু-স্বাস্থ্যের খাবার। আলুর মতো করে মাশরুম খাওয়ার অভ্যাস আমাদের গড়ে তুলতে হবে। প্রান্তিক থেকে সর্বোচ্চ পর্যায় পর্যন্ত মাশরুমের প্রাপ্যতা নিশ্চিত করতে তিনি প্রকল্প সংশ্লিষ্ট ও কৃষি বিভাগের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

প্রত্যেক ধর্মেই মাশরুমের কথা রয়েছে উল্লেখ করে প্রধান অতিথি বলেন, সারা বিশ্বেই মাশরুম একটি উৎকৃষ্ট ও মর্যদাবান খাবার। দেশের হর্টিকালচার সেন্টারগুলোর মাধ্যমে মাশরুম বীজ উৎপাদন ও সংরক্ষণের ব্যবস্থা করতে কৃষি বিভাগের কর্মকর্তাদের প্রতি তিনি অনুরোধ জানান।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক মোঃ রফিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথির বক্তৃতা করেন, কৃষি মন্ত্রণালয়ের উপসচিব মোঃ মনিরুজ্জামান, মোঃ আলী কবীর ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সাতক্ষীরার উপপরিচালক মোঃ সাইফুল ইসলাম। প্রকল্প পরিচালক মোছাঃ আখতার জাহান কাঁকন প্রকল্প কার্যক্রম ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চলের সকল উপপরিচালক, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, সাতক্ষীরার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠনের প্রধানগণ, মাশরুম উদ্যোক্তা ও চাষি, হোটেল রেস্তোরার মালিকগণ, এআইএস প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রোনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ এতে অংশগ্রহণ করেন।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*

**কৃষি বিষয়ক তথ্য জানতে কল করুন**
**১৬১২৩ নম্বরে**
**সকাল ৮ টা থেকে রাত ৮ পর্যন্ত**
**(শুক্রবার, শনিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত)**

## কৃষি অর্থনীতির মেরুদণ্ড

প্রথম পাতার পর

জলবায়ু পরিবর্তন, ভূমির অবক্ষয়, কৃষি উৎপাদনে নতুন প্রযুক্তি এবং গ্রামীণ অর্থনীতির রূপান্তর-এসবই আমাদের সামনে নতুন দিগন্ত উন্মোচন করবে। মেধা, উৎসাহ এবং সেবার মনোভাব এই খাতকে আরও উন্নত করবে। আপনারা যেখানেই কাজ করবেন, সেখানকার কৃষকদের জীবনমান উন্নয়ন তথা কৃষিক্ষেত্রের সার্বিক উন্নয়নে আপনারা হয়ে উঠবেন নেতৃত্বের আলো।

বর্তমান যুগ তথ্য ও প্রযুক্তির কথা উল্লেখ করে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন তথ্য প্রযুক্তির উৎকর্ষতার এই যুগে সোশ্যাল মিডিয়ার গুরুত্ব অনস্বীকার্য। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন আমাদের জীবনকে সহজ করেছে, তেমনি এটি আমাদের পেশাগত ও ব্যক্তিগত জীবনের ওপর গভীর প্রভাব ফেলেছে। সরকারি কর্মকর্তা হিসেবে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে বিশেষ দায়িত্বশীল হতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমে কর্মকর্তাদের উপস্থিতি যেন সবসময় পেশাদার হয়। পোস্ট, মন্তব্য এবং শেয়ার করা তথ্যের মাধ্যমে পেশাদারিত্ব প্রতিফলিত হতে হবে।

কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ ছাইফুল আলম, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউটের মহাপরিচালক ড. বেগম সামিয়া সুলতানা।

*সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# বগুড়ায় বার্ষিক তদারক ও পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক কর্মশালা ২০২৫ অনুষ্ঠিত

বগুড়ায় স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রকল্প (এসএসিপি-রেইনস) এর বার্ষিক তদারক ও পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক কর্মশালা এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ, বনানী, বগুড়া এর সম্মেলন কক্ষে ০৮ জানুয়ারি ২০২৫ দিনব্যাপী আয়োজন করা হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ সরকার শফি উদ্দীন আহমদ, পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ সরকার শফি উদ্দীন আহমদ পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা

প্রধান অতিথির বক্তব্যকালে পরিচালক বলেন, আমাদের দেশের কৃষি আবহাওয়া পরিবর্তন হচ্ছে। এ পরিবর্তনশীল পরিস্থিতিতে চাহিদা ভিত্তিক ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি ও শস্যের বহুমূখীকরণ করা অনেক চ্যালেঞ্জ। এজন্য যে সকল এলাকায় যেসব ফসল বেশি ফলন দেয় এবং উপযোগী আবহাওয়া বিরাজমান

এরপর পৃষ্ঠা ৪ কলাম ১

# ময়মনসিংহে কৃষি তথ্য সার্ভিস সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভা অনুষ্ঠিত



সভায় বক্তব্যরত সভাপতি জনাব মোঃ মসীহুর রহমান, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস

কৃষি তথ্য সার্ভিস, ময়মনসিংহের কনফারেন্স রুমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৪-২০২৫ এর সূচক ১.৩ এর আওতায় ২য় প্রান্তিকের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভা ৯ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন মোঃ মসীহুর রহমান, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।

সভাপতি তার বক্তব্যে বলেন কৃষি তথ্য সার্ভিস ডিএইসহ অন্যান্য সকল প্রতিষ্ঠানের সাথে মিলে কাজ করেন। তিনি আরো বলেন সকলের সহযোগিতা পেলে কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম আরও উন্নত করা সম্ভব।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. গোলাম রব্বানী, প্রফেসর, হর্টিকালচার বিভাগ, বাকৃবি, ড. সালমা লাইজু, অতিরিক্ত পরিচালক, ডিএই, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ, ড. নাছরিন আক্তার বানু, উপ পরিচালক, ডিএই, ময়মনসিংহ। উক্ত সভায় স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ মোঃ আমিনুর ইসলাম, তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ বি.এম. রাশেদুল আলম, প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা। সভায় কৃষি তথ্য সার্ভিসের যাবতীয় কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিভিন্ন দপ্তর, অধিদপ্তর এর কর্মকর্তা, শিক্ষক, এআইসিসির সদস্য, এআইএস এর প্রতিনিধিসহ সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

*মোঃ খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

# পুষ্টি কর্নার : কমলা





কমলা ভিটামিন-সি ৫৪.০ মিলিগ্রাম' সমৃদ্ধ ফল। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম কমলায় জলীয় অংশ ৮৯.৪ গ্রাম, খনিজ পদার্থ ০.১ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.৩ গ্রাম, খাদ্যশক্তি ৪৪ কিলোক্যালরি, পানি ৮৭.৭ গ্রাম, আমিষ ০.৭ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ৮.৭ গ্রাম, ক্যালসিয়াম ২৩ মিলিগ্রাম, জিংক ০.০৭ মিঃ গ্রাম, লৌহ ০.২ মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.০৪ মিলিগ্রাম, খাদ্যআঁশ ২.৪ গ্রাম, ভিটামিন-এ ১৯ মিলিগ্রাম, ভিটামিন-ই ০.২৪ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০১ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ৪০ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। কমলা সর্দিজ্বর নিরাময়ে উপকারী। ফলের ছাল বমি নিবারক। ফলের শুষ্ক খোসা অম্লরোগ ও শারীরিক দুর্বলতা নিরসনে উপকারী। কমলার জনপ্রিয় জাত হলো খাসিয়া, নাগপুরী, মোসাম্বি, বারি কমলা-১, বারি কমলা-২, বারি কমলা-৩। সিলেট, পার্বত্য চট্টগ্রাম, মৌলভীবাজার ও পঞ্চগড় এলাকায় কমলার চাষ হয়।

*সূত্র: কৃষি ডাইরি, কৃষি তথ্য সার্ভিস*

# কৃষকদের জরুরি ভিত্তিতে বিদেশ থেকে পেঁয়াজ বীজ সরবরাহ

চলতি মৌসুমে প্রণোদনার পেঁয়াজ বীজের অংকুরোদগমজনিত সমস্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জরুরি ভিত্তিতে বিদেশ থেকে এনে বীজ সরবরাহ করা হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা হচ্ছে; ফরিদপুর-৫,২০০ জন, মাদারীপুরে ৫২৭ জন, রাজবাড়ীতে ৩,৭২৫ জন, গোপালগঞ্জে ৪২০ জন, পাবনায় ৬,০০০ জন। প্রথমে ক্ষতিগ্রস্ত ০৪ (চার) জেলায় (ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ) মোট ৯,৮৭২ (নয় হাজার আট শত বাহাত্তর) জন কৃষককে বিদেশ থেকে বীজ সংগ্রহ করে নষ্ট বীজের পরিবর্তে নতুন করে বীজ সরবরাহ করা হয়েছে। এছাড়াও অপর ক্ষতিগ্রস্ত জেলা পাবনায় ৬,০০০ (ছয় হাজার) জন ক্ষতিগ্রস্ত কৃষককে স্থানীয়ভাবে নষ্ট বীজের পরিবর্তে নতুন বীজ সংগ্রহ করে সরবরাহ করা হয়েছে (২৩ ডিসেম্বর ২০২৪)।

*সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



## কুমিল্লায় বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্পের আওতায় আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে জনগণের পুষ্টি চাহিদা পূরণ করার লক্ষ্যে “বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন” প্রকল্পের আওতায় উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা এর প্রশিক্ষণ হল রুমে ৩০ ডিসেম্বর ২০২৪ আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কৃষিবিদ এস এম সোহরাব উদ্দিন, পরিচালক, হর্টিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব কৃষিবিদ আমজাদ হোসেন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকগণ। উক্ত কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব কৃষিবিদ মুহাম্মদ জাহাঙ্গীর আলম। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ ড. মোঃ মেহেদি মাসুদ। প্রকল্পটি দেশের জনগণের পুষ্টি চাহিদা পূরণে ভিন্ন মাত্রা যোগ করেছে। ড্রাগন ফল, অ্যাভোক্যাডো ফল প্রভৃতি বিদেশি ফল জনগণের হাতের নাগালে নিয়ে আসায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানিয়েছেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কৃষিবিদ মনিরুল হক রোমেল, আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা। উক্ত কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কুমিল্লা অঞ্চলে কর্মরত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ, প্রকল্প কর্মকর্তাগণ, উপকারভোগী কৃষক প্রতিনিধিগণ, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক প্রমুখ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ মনিরুল হক রোমেল, কৃতসা, কুমিল্লা*

## সিলেট বিভাগীয় ক্লাইমেট অ্যাপ্লিকেশন ফোরাম-শীতকালীন অধিবেশন অনুষ্ঠিত

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং Regional Integrated Multi-Hazard Early Warning System for Africa and Asia (RIMES) কর্তৃক আয়োজিত বিভাগীয় ক্লাইমেট অ্যাপ্লিকেশন ফোরাম-শীতকালীন অধিবেশন ২০২৪-গ্র্যান্ড সিলেট হোটেল অ্যান্ড রিসোর্ট, সিলেট এর সম্মেলন কক্ষে ১৮ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মো. শফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড, সিলেট এর প্রয়োজন। বিভিন্ন দপ্তর যাতে পূর্বাভাস ব্যবহার করে নিজ নিজ খাতে পরিকল্পনা গ্রহণ করার সক্ষমতা বৃদ্ধি করতে পারে এবং পূর্বাভাস ব্যবহারকারী ও প্রদানকারী জাতীয় প্রতিষ্ঠানসমূহের মধ্যে যোগসূত্র স্থাপন করতে পারে এ বিষয়ে পরামর্শ প্রদান করেন।

সৈয়দা সাবরিনা সুলতানা কারিগরি কর্মকর্তা (আবহাওয়া) আঞ্চলিক ইন্টিগ্রেটেড মাল্টি-হ্যাজার্ড আর্লি ওয়ার্নিং সিস্টেম এর সঞ্চালনায় বিশেষ




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জি. মোহাম্মদ আব্দুল কাদের, প্রধান প্রকৌশলী, বিভাগীয় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), সিলেট*

সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মোহাম্মদ আব্দুল কাদের, প্রধান প্রকৌশলী, বিভাগীয় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), সিলেট।

প্রধান অতিথির বক্তব্যে বলেন শীতকালকে সামনে রেখে দুর্যোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত নীতি গ্রহণ করা অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষিবিদ ড. মোহাম্মদ কাজী মজিবুর রহমান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), সিলেট অঞ্চল, সিলেট; মো. সোহাগ মিলু, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ১*

## বগুড়ায় বার্ষিক তদারক ও পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক কর্মশালা

*তৃতীয় পাতার পর*

সেসব এলাকায় ঐ সকল ফসল আবাদের প্রতি অধিক গুরুত্ব দিতে হবে। বিদ্যমান শস্যবিন্যাসে এ ফসল এবং প্রযুক্তিগুলো অন্তর্ভূক্তিকরণ করতে হবে। তিনি অতিথি আরো বলেন, উৎপাদিত পণ্যের সংরক্ষণ ও বাজারজাতকরণের টেকসই ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাতে কৃষকের আয় বৃদ্ধি এবং জীবনযাত্রার মান উন্নয়ন হয়।

কৃষিবিদ মোঃ ইসমাইল হোসেন, অতিরিক্ত পরিচালক(ভারপ্রাপ্ত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া কর্মশালায় সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষিবিদ মোঃ শওকত ওসমান, পরিচালক, ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা; কৃষিবিদ মোঃ সাইফুল আজম খান, অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা; কৃষিবিদ ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, পাবনা; কৃষিবিদ মোঃ মতলুবর রহমান, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, বগুড়া। কর্মশালায় প্রকল্পের কার্যক্রম, বার্ষিক তদারক ও পর্যালোচনা এবং স্বাগত বক্তব্য প্রদান করেন অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মুহাম্মদ এমদাদুল হক। প্রকল্পের বিভিন্ন কার্যক্রম, অর্জন ও কর্মপরিকল্পনা উপস্থাপনা করেন প্রকল্পভূক্ত উপজেলার উপজেলা কৃষি অফিসারবৃন্দ। এসময় কার্যক্রমের পর্যালোচনা ও মুক্ত আলোচনায় করা হয়। কর্মশালায় প্রকল্পভূক্ত বগুড়া ও পাবনা জেলা/উপজেলা’র কৃষি অফিসারবৃন্দ, উপসহকারী কৃষি অফিসার, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কৃষি বিপনন অধিদপ্তর, সফল কৃষি উদ্যোক্তা, প্রকল্পের কর্মকর্তাসহ উপস্থিত ছিলেন।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*




রাজধানীর শেরেবাংলানগর কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে চার বছর মেয়াদি ডিপ্লোমা কৃষি কোর্সের কারিকুলাম আধুনিকায়ন শীর্ষক সেমিনার ১০ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহাপরিচালক মো. ছাইফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সম্প্রসারণ অনুবিভাগ মো. জাকির হোসেন। প্রধান অতিথি ঢাকায় বাড়ির মালিকদের মাঝে লেবুচারা বিতরণ করেন এবং লেবুর কর্নার বিনা জাত-১ চারা রোপণ করেন।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

# পলিনেটেড হাউজে চারা উৎপাদনে সফল নরসিংদী পলাশের জাকারিয়া

নরসিংদী জেলার পলাশ উপজেলার চরনগরদি গ্রামে খোরশেদ খানের ছেলে জাকারিয়া খান জাকি। পেশায় একজন স্কুল শিক্ষক। আগে একটি কলেজে শিক্ষকতা করতেন। এসবের মাঝেও বাবা খোরশেদ খানের কৃষি কাজে সহায়তা করতেন। গুণগত ও মানসম্মত চারা না পাওয়ায় অনেক বার ক্ষতিগ্রস্থ হয়েছিলেন তিনি সহ এলাকার অনেক কৃষক। এ কারণে তিনি নিজেই চারা তৈরি করার পদক্ষেপ গ্রহন করেন। শুরু করেন চারা উৎপাদন বিষয়ে পড়াশোনা এবং গ্রহন করেন প্রশিক্ষণ। এছাড়া স্থানীয় কৃষকদের বীজ প্রতারণা থেকে মুক্ত করতে তৈরী করেন ছোট আকারের বীজতলা। এটির অংশ হিসেবে প্রথমবারের মতো পলিনেটেড, হাউজে সবজির চারা উৎপাদন শুরু করেন। আর এতেই সফলতার মুখ দেখেন তিনি।



*পলিনেটেড হাউজে চারা উৎপাদন*

পলাশ উপজেলার উপজেলা কৃষি অফিসার আয়েশা আক্তার জানান কোকোপিট ব্যবহার করে একটা গাছ সহজেই আমরা রাসায়নিক সার বা কীটনাশক ছাড়া শুধু জৈবসার ও ছত্রাকনাশক দিয়ে মাটি শোধনকরে একটি সুস্থ সবল চারা গাছ পেতে পারি। কোকোপিটে পানি ধারণক্ষমতা বেশি থাকায় সবসময় পানি দিতে হয় না। বিধায় শিকড় পচার সম্ভাবনা কমে যায়। কৃষকদের উদ্বুদ্ধ করার মাধ্যমে অধিক পরিমাণে এ পদ্ধতিতে চারা তৈরি করতে আমাদের কৃষি বিভাগ কাজ করছে। অসৎ ব্যবসায়ীদের কবল থেকে কৃষকদের মুক্ত করে কৃষকদের মাঝে উন্নত জাতের চারা বিতরন করে একদিকে জাকারিয়া যেমন লাভবান হয়েছেন তেমনি কৃষকদের মাঝে হয়েছেন অনুসরণীয়।

জাকারিয়া খান বলেন পলিনেটেড হাউজ কোকোপিটে চারা লাগানোর ফলে তার অঙ্কুরোদগম যেমন ভালো হয়, তেমনি ক্ষতিগ্রস্ত চারার পরিমান কমে যায়। তিনি আরও জানান এই সফলতা বিভিন্ন মিডিয়ায় প্রচারিত হওয়ায় আশোপাশের অনেক মানুষ তার কাছ থেকে চারা নিচ্ছেন। এখন তিনি মনোনিবেশ করেন আধুনিক পদ্ধতিতে বীজতলা ও কৃষি কাজে। দেশের বিভিন্ন স্থান থেকে সংগ্রহ করেন কোকোপিট। বিভিন্ন জনের মাধ্যমে উন্নত মানের বীজ সংগ্রহ করেন। মাটি থেকে ৭২ ইঞ্চি উপরে মাচায় প্লাস্টিকের শীটে কোকোপিট দিয়ে উৎপাদন করা হয় উন্নত জাতের আধুনিক মানের কৃষি ফসলের চারা। কোন প্রকার মাটি, রাসায়নিক সার ও কীটনাশক ছাড়াই তৈরি এসব চারাতে অল্প সময়ের মধ্যেই ফলন ধরে। মারা যাওয়ার ঝুঁকি কম এবং প্রচলিত ফলনের তুলনায় অধিক ফলন হয়। তারা জানায় তাদের উৎপাদিত চারায় টমেটোর ফলন আসতে সময় লাগে ৭২ দিন, পেঁপে ১৮ ইঞ্চি হলে ফলন আসে, মরিচ ৩০-৩৫ দিনে ফুল আসে, লাউ ৩৫ পাতা হলে ফল আসে।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

# টেকসই কৃষি উৎপাদন ও ভূমি ব্যবহার পরিকল্পনা

*শেষ পাতার পর*

কর্মকর্তাকে কৃষকের পাশে থেকে কাজ করার আহবান জানান।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ জাকির হোসেন, অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়; সভাপতিত্ব করেন মোঃ সাইফুল আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। আরো উপস্থিত ছিলেন জনাব দীপংকর বিশ্বাস, যুগ্মসচিব কৃষি মন্ত্রণালয়; জনাব তরফদার মোঃ আক্তার জামীল, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) প্রমুখ। শুরুতে প্রধান অতিথি আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় অতিরিক্ত পরিচালকের কার্যালয়, রাজশাহী এর নবনির্মিত ভবনের শুভ উদ্বোধন করেন। নবনির্মিত ভবন উদ্বোধন শেষে অতিরিক্ত পরিচালকের দপ্তরের লেবু কর্নারে বিনা লেবু-১ জাতের সারা বছর ফল দেয় এরকম চারা রোপণ করেন।

*কৃষিবিদ মোঃ শরিফুল ইসলাম, কৃতসা, রাজশাহী*

প্রিয় পাঠক, এখন থেকে অনলাইনে কৃষিকথা'র গ্রাহক হতে পারবেন। অনলাইনে গ্রাহক হতে QR কোড স্ক্যান করুন।




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পুঠিয়া, রাজশাহীতে তেলজাতীয় উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় তেল নিষ্কাশন যন্ত্র বিতরণে উপস্থিত ছিলেন জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়। (মঙ্গলবার, ৩১ ডিসেম্বর ২৪) *কৃষিবিদ মোঃ শরিফুল ইসলাম, কৃতসা, রাজশাহী*

## গতানুগতিক কৃষি ছেড়ে আধুনিকায়ন করা দরকার

*প্রথম পাতার পর*

কৃষি অবশ্যই অধিক লাভজনক হবে। আর আপনাদের মাধ্যমেই তা সারাদেশে ছড়িয়ে যাবে। তিনি ৪ জানুয়ারি ২০২৫ মাদারীপুর হর্টিকালচার সেন্টারে কৃষি উদ্যোক্তাদের সাথে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। পরে তিনি উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তাদের দুই দিনের প্রশিক্ষণ উদ্বোধন করেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিএইর মহাপরিচালক মো. ছাইফুল আলম। বিশেষ অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব মো. জাকির হোসেন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আকন্দ, বিশিষ্ট কৃষিবিজ্ঞানী প্রফেসর ড. এম এ রহিম এবং মাদারীপুরের জেলা প্রশাসক মোছা. ইয়াসমিন আক্তার। অনুষ্ঠানে কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মোঃ মসীহুর রহমান, ডিএইর প্রশাসন ও অর্থ উইংয়ের অতিরিক্ত পরিচালক আবু মো. এনায়েত উল্লাহ, ডিএই মাদারীপুরের উপপরিচালক ড. সন্তোষ চন্দ্র চন্দ, মাদারীপুর হর্টিকালচার সেন্টারের উপপরিচালক আসুতোষ দাস অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অর্ধশতাধিক উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## কৃষি তথ্য সার্ভিসের মতবিনিময় সভা অনুষ্ঠিত




*কৃষি তথ্য সার্ভিসে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: জাকির হোসেন অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়*

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ১*

## রাজশাহী অঞ্চলে কৃষক সমাবেশ ও মাঠ

*প্রথম পাতার পর*

ও মতবিনিময়' সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন রাজশাহী জেলায় গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদনে বিপ্লব হয়েছে। সংকট রোধে গ্রীষ্মকালীন পেঁয়াজের পাশাপাশি শীতকালীন পেঁয়াজ চাষ করতে হবে। গ্রীষ্মকালীন পেঁয়াজের উৎপাদন বাড়াতে কৃষক পর্যায়ে পেঁয়াজ বীজ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে। ফলে সারা বছর পেঁয়াজের উৎপাদন সম্ভব হয়।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: জাকির হোসেন, অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়; সভাপতিত্ব করেন মো: সাইফুল আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। আরো উপস্থিত ছিলেন জনাব দীপংকর বিশ্বাস, যুগ্মসচিব কৃষি মন্ত্রণালয়; জনাব তরফদার মো: আক্তার জামীল, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), জনাব মোঃ মাকছুদুল ইসলাম, সচিবের একান্ত সচিব কৃষি মন্ত্রণালয়; কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসন ও অর্থ উইং এর পরিচালক ড. মোঃ সাহিনুল ইসলাম; অতিরিক্ত পরিচালক প্রশাসন ও অর্থ উইং, জনাব আবু মো: এনায়েত উল্লাহ, ডিএই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক মো: মাহমুদুল ফারুক, ড. মুহাম্মদ মাহবুবুর রশীদ উপপরিচালক প্রশাসন, ডিএই; মো: রেজাউল ইসলাম মুকুল, উপপরিচালক, ডিএই, রাজশাহী কৃষি সম্পসারণ অধিদপ্তরের উপপরিচালক মোছা: উম্মে ছালমা, উপজেলা নির্বাহী অফিসার চারঘাট, পুঠিয়া; প্রকল্প পরিচালক আরডিএডিপি, রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্প, রাজশাহী কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক অফিসার মো: শরিফুল ইসলাম প্রমুখ।



*প্রধান অতিথি জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয় চারঘাট উপজেলার হলদিগাছিতে মো: মামুনুর রশীদ ও পুঠিয়া উপজেলায় প্রণোদনার আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ (নাসিক এন-৫৩) পরিদর্শন করেন*

মতবিনিময় সভায় কৃষকদের পক্ষে বক্তব্য প্রদান করেন আ: ইসমাইল হোসেন, কৃষক, শিবপুর পুঠিয়া; মোছা: রুমা পারভীন, উদ্যোক্তা ও কৃষক, পুঠিয়া শিবপুর; মো: সাইদ হাসান, ছাত্র প্রতিনিধি, ট্রাইকো কম্পোস্ট ও ভার্মিকম্পোস্ট উৎপাদনকারী উদ্যোক্তা। মতবিনিময় সভার শুরুতে প্রধান অতিথি চারঘাট উপজেলার হলদিগাছিতে মো: মামুনুর রশীদ ও পুঠিয়া উপজেলায় প্রণোদনার আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ (নাসিক এন-৫৩) পরিদর্শন করেন ।

অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, প্রিন্ট ইলেকট্রনিক্স মিডিয়ার সদস্য, কৃষি তথ্য সাভিস, জনপ্রতিনিধি, কৃষক-কৃষণী, কৃষি বিভাগের মাঠপর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। (মঙ্গলবার, ৩১ ডিসেম্বর ২৪)

*কৃষিবিদ মোঃ শরিফুল ইসলাম, কৃতসা, রাজশাহী*

## কৃষি তথ্য সার্ভিসের মতবিনিময় সভা অনুষ্ঠিত

ষষ্ঠ পাতার পর



জনাব মো: জাকির হোসেন, অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় কৃষি তথ্য সার্ভিসের প্রেস ভবন পরিদর্শন করছেন

কৃষি তথ্য সার্ভিসের কনফারেন্স রুমে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: জাকির হোসেন, অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: সাহিনুল ইসলাম, পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিশেষ অতিথি হিসেব উপস্থিত ছিলেন দীপংকর বিশ্বাস, যুগ্মসচিব, সম্প্রসারণ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় উক্ত অনুষ্ঠানটি সভাপতিত্ব করের কৃষি তথ্য সাভিসের পরিচালক মো: মসীহুর রহমান, উক্ত সভায় কৃষি তথ্য সাভিসের সমসাময়িক সমস্যা গুলো দ্রুত সমাধানের জন্য রিভিজিট বাস্তবায়নের কথা উল্লেখ করা হয়। (২ জানুয়ারি ২০২৫)

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## সিলেট বিভাগীয় ক্লাইমেট অ্যাপ্লিকশন

চতুর্থ পাতার পর

বাংলাদেশের আবহাওয়ার তথ্যভিত্তিক প্রবন্ধ উপস্থাপন করেন ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক, আবহাওয়াবিদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি); এস. এম. কামরুল হাসান, উপপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর; সরদার উদয় রায়হান নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সজিব হাসান, আইটি বিশেষজ্ঞ-রিমস।

উপস্থাপনায় প্রতি বছর বর্ষা ও শীত মৌসুমের শুরুতে মৌসুমি পূর্বাভাসসমূহ সংশ্লিষ্ট অংশীজনদের জানাতে এবং আসন্ন মৌসুমকে সামনে রেখে এই পূর্বাভাস ব্যবহার করে বিভিন্ন খাতে প্রয়োজনীয় পরিকল্পনা, নীতি ও পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে বাংলাদেশের শীত মৌসুমের (নভেম্বর-জানুয়ারি) সম্ভাব্য পূর্বাভাসের একটা ধারণা হয়। এর মাধ্যমে তাপমাত্রা, বৃষ্টিপাত, শৈত্যপ্রবাহ, সম্ভাব্য ঘূর্ণিঝড় ও অন্যান্য আবহাওয়াগত অবস্থার নিরিখে কৃষি ক্ষেত্রে রবি (মধ্য নভেম্বর থেকে মধ্য মার্চ) মৌসুমে ফসল উৎপাদনের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে যেমন সাহায্য করবে, তেমনি অন্যান্য সংশ্লিষ্ট খাত, যেমন পানিসম্পদ ব্যবস্থাপনা, মৎস্য, প্রাণিসম্পদ, নগর পরিকল্পনা, স্বাস্থ্য, বেসামরিক বিমান পরিবহন, নৌপরিবহন ইত্যাদি ক্ষেত্রেও সিদ্ধান্ত গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উক্ত অধিবেশনে সিলেট অঞ্চলের সরকারি ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠানসমূহ, বেসরকারি সংস্থা ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ অংশগ্রহণ করেন।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## রাজধানী ঢাকায় কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত



কর্মশালায় বক্তব্যরত প্রধান অতিথি জনাব মোঃ মাহবুবুল হক পাটোয়ারী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা বিভাগ), কৃষি মন্ত্রণালয়

রাজধানীর ফার্মগেটস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অডিটোরিয়ামে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প কর্তৃক আয়োজিত প্রকল্প সমাপনী কর্মশালা ২০২৪ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা বিভাগ), মোঃ মাহবুবুল হক পাটোয়ারী। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন এ প্রকল্পের উদ্দেশ্য সঠিকভাবে অর্জন করেছে। কৃষিক্ষেত্রে এর অবদান ও চর্চা ধরে রাখার আহ্বান জানান তিনি। কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কন্দাল ফসলের বীজ অর্থাৎ আলু ফসলের চাষ ও বীজ উৎপাদন সক্ষমতা বৃদ্ধিতে প্রকল্পটি বেশ ভূমিকা রেখেছে।

কর্মশালায় সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ ছাইফুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান, ড. নাজমুন নাহার করিম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের, সরেজমিন উইংয়ের পরিচালক, সরকার শফি উদ্দীন আহমদ, ক্রপস উইংয়ের পরিচালক, মোঃ জালাল উদ্দিন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক মোখলেছুর রহমান। কর্মশালায় কৃষি বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ ও কৃষক প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। (২৮ ডিসেম্বর ২০২৪),

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## মাদারীপুরে আধুনিক হর্টিকালচার বিষয়ক

শেষ পাতার পর

ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত কৃষি সচিব মো. জাকির হোসেন, বাংলাদেশ কৃষি গবেষণা মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আকন্দ, বিশিষ্ট কৃষিবিজ্ঞানী প্রফেসর ড. এম এ রহিম এবং মাদারীপুরের জেলা প্রশাসক মোছা. ইয়াসমিন আক্তার। কর্মশালায় ডিএইর প্রশাসন ও অর্থ উইংয়ের পরিচালক ড. মো. সাহিনুল ইসলাম, কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মো. মসীহুর রহমান, ডিএইর প্রশাসন ও অর্থ উইংয়ের অতিরিক্ত পরিচালক আবু মো. এনায়েত উল্লাহ অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন হর্টিকালচার উইংয়ের অতিরিক্ত পরিচালক কেজেএম আব্দুল আউয়াল, বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. মেহেদী মাসুদ, ডিএইর সাবেক পরিচালক ড. সাইফুল ইসলাম, মাদারীপুর হর্টিকালচার সেন্টারের উপপরিচালক আসুতোষ দাস, রংপুর হর্টিকালচার সেন্টারের উপপরিচালক ড. আবু সায়েম প্রমুখ।

অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠানের দেড় শতাধিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

# টেকসই কৃষি উৎপাদন ও ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে : কৃষি সচিব




*রাজশাহীর পবায় কুমড়াপুকুর গ্রামে বক্তব্যরত সম্মানিত প্রধান অতিথি জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়*

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেন কৃষকদের মতামত ও চাহিদার ভিত্তিতে এলাকা ভিত্তিক চাষ উপযোগী টেকসই কৃষি উৎপাদন ও ভূমি ব্যবহার পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করতে হবে। তাহলে ভবিষ্যত প্রজন্মের জন্য নিরাপদ খাদ্য ও তাদের চাহিদা মেটানো সম্ভব হবে। মঙ্গলবার, ৩১ ডিসেম্বর ২০২৪ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পবার আয়োজনে কুমড়াপুকুর গ্রামের বসতবাড়িতে সবজি ও বীজ আলু উৎপাদনকারী কৃষাণী দলের সাথে মতবিনিময় ও মাঠ পরিদর্শন সভায় প্রধান অতিথি এসব কথা বলেন।

টেকসই কৃষি উন্নয়নে আমাদেরকে আরো এগিয়ে যেতে হবে উল্লেখ করে প্রধান অতিথি বলেন ডিএডিপি প্রকল্পের আওতায় আধুনিক কৃষি প্রযুক্তির সম্প্রসারণ এর মাধ্যমে কৃষককে নতুন নতুন প্রযুক্তি প্রদান করা সম্ভব হয়েছে । তিনি বিভিন্ন পর্যায়ের *এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*

# মাদারীপুরে আধুনিক হর্টিকালচার বিষয়ক কর্মশালায় কৃষি সচিব




*হর্টিকালচার সেন্টারের হলরুমে বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়*

হর্টিকালচার সেন্টারের হলরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উদ্যোগে মাদারীপুরে আধুনিক হর্টিকালচার: বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ক কর্মশালা ৪ জানুয়ারি ২০২৫ আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সচিব জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান।

প্রধান অতিথি বক্তব্যে বলেন, একই এলাকায় সব ধরনের ফসল চাষ করতে হবে, এমনটি নয়। যেখান যেটা ভালো হয় তাই করা দরকার। আগামী ত্রিশ বছরে কৃষিকে কোথায় নিয়ে যেতে হবে, তা এখনই পরিকল্পনা করতে হবে। সেভাবে কাজ করলে কৃষি অনেক এগিয়ে যাবে। আর সম্মিলিত প্রচেষ্টায় তা বাস্তবায়ন সম্ভব। এর আগে তিনি ক্যাম্পাসে একটি উন্নত জাতের লেবু চারা রোপণ করেন।

ডিএইর মহাপরিচালক মো. ছাইফুল আলমের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি *এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*





জনাব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় অতিরিক্ত পরিচালকের কার্যালয়, রাজশাহী এর নবনির্মিত ভবনের শুভ উদ্বোধন করেন। অতিথিরা নবনির্মিত ভবন উদ্বোধন শেষে অতিরিক্ত পরিচালকের দপ্তরের লেবু কর্নারে বিনা লেবু-১ গাছ রোপণ করেন। (মঙ্গলবার, ৩১ ডিসেম্বর ২০২৪) *কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০, ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd